সিস্টেম সিস্টেম ৫
◇ সিস্টেম এনালিষ্ট (বিআরটিসি)/ সিনিয়র প্রো...
◇ প্রোগ্রামার (বিআরটিএ)
◇ সহকারী প্রোগ্রামার (ডিএমটিসিএল)
◇ সঃ মেঃ ইঞ্জিঃ (ডিটিসিএ/সওজ)
◇ নথি
ডাইরি নং ...........................
তারিখঃ ......18/08/2019 স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১৯-২০৫

তারিখ : ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগস্ট ২০১৯

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এ, এম, আতিক উল্লাহ (পরিচিতি নম্বর ৬০২৩১১), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক উপ-বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ-কে সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়ায় কর্মরত থাকাকালীন এ বিভাগের ১২-০৪-২০১৮ তারিখের ৩৫.০০.০০০০.০২২.০২২.১২.০০৩-২৮৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকায় (প্রেষণে) পদায়ন করা হয় এবং তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে ১৬-০৪-২০১৮ তারিখ সড়ক উপ-বিভাগ কুষ্টিয়ার দায়িত্ব হস্তান্তর করেন। কিন্তু বিধি মোতাবেক অনুমোদিত সময়ের মধ্যে নতুন কর্মস্থলে যোগদান না করে দায়িত্ব হস্তান্তরের ২৮ (আটাশ) দিন পর অর্থাৎ গত ১৫-০৫-২০১৮ তারিখ ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকায় বদলিকৃত উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিপি-৩) পদে যোগদান করেন;

এবং

যেহেতু, নতুন কর্মস্থলে যোগদান করার পর তিনি গত ১৬-০৫-২০১৮ হতে ১৪-০৭-২০১৮ তারিখ পর্যন্ত ৫৮ (আটান্ন) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। ইত্যবছরে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট-এ উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিপি-৩) পদে নতুন একজন কর্মকর্তাকে বদলিপূর্বক পদায়ন করা হয় এবং গত ২৭-০৬-২০১৮ তারিখের ৩৫.০০.০০০০.০২২.০৩০.০১.১৫-৪৯৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাকে প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকায় পদায়ন করা হয়। অতঃপর উক্ত নির্দেশনার প্রেক্ষিতে গত ১৫-০৭-২০১৮ তারিখ প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকায় যোগদান করেন;

এবং

যেহেতু, তিনি বদলি আদেশ হওয়া সত্বেও সড়ক উপ-বিভাগ কুষ্টিয়ার দায়িত্ব হস্তান্তর করে নিয়ম বহির্ভূতভাবে গত ১৭-০৪-২০১৮ হতে ১৪-০৫-২০১৮ তারিখ পর্যন্ত ২৮ (আটাশ) দিন এবং ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টে যোগদানের পর গত ১৬-০৫-২০১৮ হতে ১৪-০৭-২০১৮ তারিখ পর্যন্ত ৫৮ (আটান্ন) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

এবং

যেহেতু, তিনি সড়ক উপ-বিভাগ কুষ্টিয়ার দায়িত্ব হস্তান্তর করে এবং ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট-এর বদলিকৃত পদে যোগদান করে যথাক্রমে ২৮ (আটাশ) দিন এবং ৫৮ (আটান্ন) দিন অনুপস্থিত থেকে বিদ্যমান বিধি-বিধান লংঘন করেছেন যা একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন;

এবং

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণ;

এবং

যেহেতু, তাঁর উপরোল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর পর্যায়ভুক্ত হওয়ায় তাঁকে উক্ত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ০২/২০১৯ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক "চাকরি হতে বরখাস্ত" করা হবে না বা উপযুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তাঁর বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

অপর পাতায় দ্রষ্টব্য

যেহেতু, তিনি গত ১৭-০৪-২০১৯ তারিখ তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা প্রকাশ করেন। সে প্রেক্ষিতে গত ১৬-০৫-২০১৯ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ ফারুক হোসেন-কে গত ২৮-০৫-২০১৯ তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব এ,এম,আতিক উল্লাহ-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক গত ১৪-০৭-২০১৯ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, জনাব এ, এম, আতিক উল্লাহ (পরিচিতি নম্বর ৬০২৩১১), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক উপ-বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ-এর আনীত অভিযোগ প্রমানিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর-২/২০১৯) দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৭/৮/২০১৯

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১৯-২০৫/১(১৩)

তারিখ : ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগস্ট ২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৮. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল)**
১১. জনাব এ,এম,আতিক উল্লাহ (৬০২৩১১), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক উপ-বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

০৭.৮.২০১৯
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোন: ৪৭১২৪৩৬০